# জীবিত

(জাঁ ফোলাঁ বিশ শতকের বিশিষ্ট ফরাসি কবি। জন্ম ১৯৩০ সালে। তিনি তাঁর কবিতা সৃষ্টিতে শুধুমাত্র নিজেকেই সন্ধান করেন না, জীবনের সর্বত্র আশেপাশের শহর নগর নিজের ঘর সংসার জীবন সংঘর্ষ সবকিছুতেই তাঁর কবিতার অনুসন্ধান। তাঁর লেখা পৃথিবীর অনেক ভাষায় অনূদিত হয়েছে। মৃত্য ১৯৭১ সালে)

মৃতপাখির চামড়ার মধ্যে খড়কুটো আর তুলো নিয়ে
সে জীবিত হয়ে বসে আছে
সামনে বসে আছে একটি চড়ুই পাখি ---
গলা লাল, ডানা সবুজ ও বেগনি
চড়ুইটি ওই পাখিটির প্রেমে মগ্ন।
ওই পাখির শরীর এত অন্যরকম,
তাকে মাঝে মাঝে এত পাখির মতো মনে হয়---
যা চড়ুইয়ের কাছে খুবই অদ্ভুত।
অদ্ভুত তার দেহভঙ্গি, তার আকার,
তার রং, তার অলঙ্কার আর তার ছায়া।

অনুবাদ ঃ শান্তনু খাটুয়া

জাঁ ফোলাঁ


Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com